গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
(রাজস্ব শাখা)
www.magura.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫৫০০.০০৮.১০.০২৪.২৪- ৪৮

তারিখ : ০২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ।
১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ।

## বালুমহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

মাগুরা জেলার আওতাধীন নিম্নবর্ণিত ০২(দুই)টি বালুমহাল ১৪৩১ বঙ্গাব্দে ইজারা প্রদানের লক্ষ্যে এ কার্যালয়ের তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত খামে নির্ধারিত ফরমে বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র আহবান করা যাচ্ছে। ১ম দরপত্রে কাঙ্ক্ষিত দর পাওয়া না গেলে ২য় দরপত্র এবং ২য় দরপত্রে কাঙ্ক্ষিত দর পাওয়া না গেলে ৩য় দরপত্র কার্যকর হবে।

| ক্রমিক নং | দরপত্রের ক্রমিক নম্বর | দরপত্র ফরম ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ | ১ম | ০৭.০৩.২০২৪<br>অফিস চলাকালীন | ১১.০৩.২০২৪<br>বেলা ০১:০০ ঘটিকা পর্যন্ত | ১২ .০৩.২০২৪<br>বেলা ০৪:০০ ঘটিকা |
| ২ | ২য় | ১৪.০৩.২০২৪<br>অফিস চলাকালীন | ১৯.০৩.২০২৪<br>বেলা ০১:০০ ঘটিকা পর্যন্ত | ২০.০৩.২০২৪<br>বেলা ০৪:০০ ঘটিকা |
| ৩ | ৩য় | ২১.০৩.২০২৪<br>অফিস চলাকালীন | ২৫.০৩.২০২৪<br>বেলা ০১:০০ ঘটিকা পর্যন্ত | ২৭.০৩.২০২৪<br>বেলা ০৪:০০ ঘটিকা |

ইজারাযোগ্য বালুমহালের নাম ও তথ্যাদি :

| ক্রমিক নং | উপজেলার নাম | বালুমহালের নাম | ১৪৩১ সালের সরকারি কাঙ্ক্ষিত ইজারার ভিত্তিমূল্য | সিডিউল মূল্য | বালুমহালের তফসিল |
|---|---|---|---|---|---|
| ০১ | শ্রীপুর | রাজধরপুর | ২৬,০২,২৩৪/-টাকা | ৫,০০০ /-<br>(পাঁচ হাজার ) টাকা<br>(অফেরত যোগ্য) | ১। রাজধরপুর বালুমহাল :<br>উপজেলা: শ্রীপুর, মৌজার নামঃ রাজধরপুর<br>এস,এ খতিয়ান নম্বর :০১ (নদীর চর)<br>দাগনং-১২৯১, ১২৯০, ১২৯৩, ১৭১৩, ১৭১৯, ১৭২০, ১৭২৩, ১৭১৭, ১২৮৮, ১৭২৬, ১৭২৭, ১৭২৮, ১৭২৯, ১২৮০, ১২৮৭, ১২৮৬, ১২৮১, ১২৮২, ১২৭৯, ১২৭৮, ১২৭৭, ১২৭৬, ১২৪২, ১২৭৫, ১২৬৪, ১২৬২, ১১৬৩, ১৯৬১, ১১৪০, ১২৬০, ১২৪৩, ১২৪৫, ১২৫১, ১২৪৭, ১২৪১, ১২৫১, ২৬১৭, ১২৪৮, ১২১৬, ১২১০, ১২১৫, ১২১২, ১২১৯, ১২১৮, ১২০৮, ১২১০, ১২০৯, ১২০৫, ১২০৪, ১২০২, ১২০১, ১২০৩ নং দাগের সম্মুখস্থ স্কেচম্যাপে বর্ণিত বালুচর। আয়তন-১৪ হেক্টর (৩৪.৫৮ একর) বালুচর। আরএস দাগ নং-৯,২০, ১৩, ২৪৭৭, ২৬৫৯, ২৬৬০। |
| ০২ | শ্রীপুর | ঘষিয়াল বালুমহাল | ২৫,৪৬,৬১০/-টাকা | ৫,০০০ /-<br>(পাঁচ হাজার ) টাকা<br>(অফেরত যোগ্য) | ২। ঘষিয়াল বালুমহাল :<br>উপজেলা: শ্রীপুর, মৌজার নাম : ৫০ নং ঘষিয়াল মৌজা<br>এস,এ খতিয়ান নম্বর-০১ (নদীর চর)<br>দাগনং-৮৫৫, ৮৫৬, ৮৬৯, ৮৯০, ৮৯১, ৮৯২, ৮৯৩, ৮৯৪, ৮৯৫, ৮৯৬, ৯৯০, ৯৯১, ৯৯২, ৬০০, ৬০১, ৬০২, ৬০৩, ১০০৪, ১০০৫, ১০০৬, ১০০৬, ১০০৭, ১০০৮, ১০০৯, ১০১০, ১০১১, ১০১২, ১০১৩, ১০১৪, ১০১৫, ১০১৬, ১০১৭, ১০১৮, ১০১৯, ১০২০, ১০২১, ১০২২, ১০২৩, ১০২৪, ১০২৫, ১০২৬, ১০২৭, ১০২৮, ১০২৯ এবং ১০৩০ নং দাগের সম্মুখস্থ। আয়তন-১১.৫০ হেক্টর (২৮.৪১ একর) বালুচর।<br>আর.এস. দাগ নম্বর: ১০০৮, ১০০৯, ১০১০, ১০১১, ১০১২, ১০১৩, ১০১৪, ১০১৫, ১০১৬, ১০১৭, ১০১৮, ১০১৯, ১০২০, ১০২১, ১০২২, ১০২৩, ১০২৪, ১০২৫, ১০২৬, ১০২৭, ১০২৮, ১০২৯, ১০৩০, ১০৩১, ১০৩২, ১০৩৩, ১০৩৪, ১০৩৫, ১০৩৬, ১০৩৭, ১০৩৮, ১০৩৯, ১০৪৪, ১০৪৫, ১০৪৬, ১০৪৭, ১০৪৮, ১০৪৯, ১০৫০, ১০৫১, ১০৫২, ১০৫৩, ১০৫৪, ১০৫৫, ১০৫৬, ১০৫৭, ১০৫৮, ১০৫৯, ১০৬০, ১০৬১, ১০৬২, ১০৬৩, ১০৬৪, ১০৬৫, ১০৬৬, ১০৬৭, ১০৬৮, ১০৬৯, ১০৭০, ১০৭১, ১০৭২, ১০৭৩, ১০৭৪, |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | ১০৭৫, ১০৭৬, ১০৭৭, ১০৭৮, ১০৭৯, ১০৮০, ১০৮১, ১০৮২, ১০৮৩, ১০৮৪, ১০৮৫, ১০৮৬, ১০৮৭, ১০৮৮, ১০৮৯, ১০৯০, ১০৯১, ১০৯২, ১০৯৩, ১০৯৪, ১০৯৫, ১০৯৬, ১০৯৭, ১০৯৮, ১০৯৯, ১১০০, ১১০১, ১১০২, ১১০৩, ১১০৪, ১১০৫, ১১০৬, ১১০৭, ১১০৮, ১১০৯, ১১১০, ১১১২, ১১১৩, ১১১৪, ১১১৫, ১১১৬, ১১১৭, ১১১৮, ১১১৯, ১১২০, ১১২১, ১১২২, ১১২৩, ১১২৪, ১১২৫, ১১২৬, ১১২৭, ১১২৮, ১১২৯, ১১৩০, ১১৩১, ১১৩২, ১১৩৩, ১১৩৪, ১১৩৫, ১১৩৬, ১১৩৭, ১১৩৮, ১১৩৯, ১১৪০, ১১৪১, ১১৪২, ১১৪৩, ১১৪৪, ১১৪৫, ১১৪৬, ১১৪৭, ১১৪৮, ১১৪৯, ১১৫০, ১১৫১, ১১৫২, ১১৫৩, ১১৫৪, ১১৫৬, ১১৫৭, ১১৫৮, ১১৫৯, ১১৬০, ১১৬১, ১১৬২, ১১৬৩, ১১৬৪, ১১৬৫, ১১৬৬, ১১৬৭, ১১৬৮, ১১৬৯, ১১৭০, ১১৭১, ১১৭২, ১১৭৩, ১১৭৪, ১১৭৫, ১১৭৬, ১১৭৭, ১১৭৮, ১১৭৯, ১১৮০, ১১৮১, ১১৮২, ১১৮৩, ১১৮৪, ১১৮৫, ১১৮৬, ১১৮৭, ১১৮৮, ১১৮৯, ১১৯০, ১১৯১, ১১৯২, ১১৯৩, ১১৯৪, ১১৯৫, ১১৯৬, ১১৯৭, ১১৯৮, ১১৯৯, ১২০০, ১২০১, ১২০২, ১২০৩,১২০৪,১২০৫,১২০৬,১২০৭,১২০৮,১২০৯,১২১০ ও ১৮৩৯। |

<u>দরপত্রের শর্তাবলি</u> :

১। মাগুরা জেলা প্রশাসনের তালিকাভুক্ত (লাইসেন্স প্রাপ্ত) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ছাড়া কেউ বালুমহাল ইজারার দরপত্রে অংশগ্রহন করতে পারবেন না। লাইসেন্স অবশ্যই ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত নবায়নকৃত হতে হবে।

২। দরপত্র ফরম/ সিডিউল বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয়ের কার্যালয়ে, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা এবং উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর এর কার্যালয়ে পাওয়া যাবে।

৩। দরপত্র সিডিউলের মূল্য বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) তফসিলভুক্ত যে কোন ব্যাংকে জেলা প্রশাসক, মাগুরা এঁর অনুকূলে জমা দিয়ে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্র সিডিউল ফরম সংগ্রহ করতে হবে।

৪। নির্ধারিত সময়ের পর আর কোন দরপত্র ফরম বিক্রি করা হবে না।

৫। দরপত্রের সহিত উদ্ধৃত দরের ২৫% হারে জামানত বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, মাগুরা এর অনুকূলে জমা দিতে হবে।

৬। নির্ধারিত তারিখ ও সময়ে বিভাগীয় কমিশনার, খুলনা মহোদয়ের কার্যালয়ে, জেলা প্রশাসকের কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এর অফিস কক্ষ, উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা /শ্রীপুর এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র গ্রহন করা হবে। প্রাপ্ত সকল দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ে এ কার্যালয়ে খোলা হবে।

৭। কোন প্রকার ঘষামাজা/অস্পষ্ট/কাঁটাছেড়া দরপত্র গ্রহণ করা হবে না।

৮। দরপত্র দাখিলের পূর্বে বালুমহাল সম্পর্কে সরেজমিন প্রকৃত অবস্থা সঠিকভাবে দেখে দরপত্র দাখিল করতে হবে। পরে কোন আপত্তি গ্রহনযোগ্য হবে না।

৯। বালুমহালের ইজারার সময়কাল দখল প্রদানের তারিখ হতে ৩০শে চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত কার্যকর হবে।

১০। মাগুরা জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি প্রাপ্ত দরপত্রসমূহ যাচাই-বাছাই ও প্রচলিত বিধি-বিধান অনুসরনপূর্বক বালুমহাল ইজারা প্রদান করবেন।

১১। ইজারা গ্রহীতাকে ইজারামূল্য এবং বিধিমতে ভ্যাট ও আয়কর পরিশোধের পর নির্ধারিত ফরমে জেলা প্রশাসক, মাগুরার সাথে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লীজ চুক্তি সম্পাদনপূর্বক দখল হস্তান্তর করা হবে।

১২। ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর পৃথকভাবে জমা প্রদান করতে হবে।

১৩। ইজারাদার বালুমহালের তফসিলভুক্ত এলাকার বাইরে থেকে বালু উত্তোলন করতে পারবেন না, এবং কোন অবস্থাতেই বালুমহালের কোন অংশ সাব-লীজ দিতে পারবেন না। সাব-লীজ প্রদান করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৪। ইজারাদার শুধু সূর্যোদয় হতে সূর্যাস্তের আগ পর্যন্ত বালু আহরণ করতে পারবেন।

১৫। পরিবেশ বিপন্ন হওয়ার আশংকা রয়েছে এমন এলাকা থেকে বালু উত্তোলন করা যাবে না। পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারিকৃত নিষেধাজ্ঞা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১৬। বালু উত্তোলনের ক্ষেত্রে নদীভাঙ্গন দেখা দিলে কর্তৃপক্ষ যে কোন সময়ে বালু উত্তোলন বন্ধ করে দিতে পারবেন। এতে কোন ক্ষতিপূরন দাবি করা যাবে না।

১৭। সেতু, মহাসড়ক ও অন্যান্য গুরুত্বপূর্ণ সরকারি/বেসরকারি স্থাপনার সন্নিকটবর্তী স্থান থেকে বালু উত্তোলন করা যাবে না।

১৮। নদীভাঙ্গন কবলিত এলাকায় নদীর তীরবর্তী স্থান থেকে বালু উত্তোলন করা যাবে না।

১৯। কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বোচ্চ দরপত্র রিজার্ভ রেখে পুনঃদরপত্র আহবান করতে পারবেন।

২০। ইতঃপূর্বে যে সকল ইজারাদার নির্ধারিত তফসিল ব্যতীত নদীর অন্য জায়গায় বালি উত্তোলন করে নদী ভাঙনসহ জনদূর্ভোগের উদ্রেক সৃষ্টি করেছেন তাদের আবেদন অগ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।

২১। ইজারা গ্রহীতাকে ইজারা মূল্য এবং ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর সম্পূর্ণ পরিশোধের পরে কার্যাদেশ প্রদান করা হবে।

২২। কার্যাদেশ ব্যতীত কেউ বালি উত্তোলন করতে পারবে না।

২৩। আবেদনকারীকে লাইসেন্সসহ ৩/৫ বছরের সুনামসহ বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

২৪। বালু উত্তোলন করার মত পর্যাপ্ত আধুনিক যন্ত্রপাতি নেই এমন কাউকে বিবেচনা করা হবে না।

২৫। ইতঃপূর্বে ইজারা পাওয়ার পর ইজারার শর্ত ভঙ্গ বা অন্য কোন কারণে শাস্তিপ্রাপ্ত হয়েছেন বা অবৈধভাবে বালু উত্তোলনের জন্য অভিযুক্ত হয়েছেন বা অভিযোগ নিষ্পত্তি হয়নি এমন ব্যক্তি ইজারা গ্রহণে বিবেচনাযোগ্য হবেন না।

২৬। উল্লিখিত শর্তাবলি ছাড়াও ইজারা সংক্রান্ত অন্যান্য সকল বিধি-বিধান এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২৭। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারিকৃত সরকারি বিধি-বিধানসমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে। ইজারাদার কর্তৃক বর্ণিত কোন শর্ত ভঙ্গ করা হলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে বালু উত্তোলন কার্য বন্ধ করে দিতে পারবেন এবং তাতে ইজারা বাতিল বলে গণ্য হবে।

২৮। প্রথমবার ইজারা প্রদান করা সম্ভব না হলে ইজারার তারিখসমূহ পর্যায়ক্রমে প্রযোজ্য হবে।

২৯। পরিবেশ বা পানির প্রবাহ ধারা বন্ধ বা উন্নয়নমূলক কর্মকান্ডের জন্য বা অন্য কোন কারণে ইজারা বাতিলের প্রয়োজন হলে কর্তৃপক্ষ জনস্বার্থে ইজারা বাতিল করতে পারবে।

১৫.০২.২০২৪

মোহাম্মদ আবু নাসের বেগ
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালু মহাল ব্যবস্থাপনা কমিটি, মাগুরা

স্মারক নং-০৫.৪৪.৫৫০০.০০৮.১০.০২৪.২৪- ৪৮ /১(৫০)

তারিখ : ০২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ।
১৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়/পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৬। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), কক্ষ নং-৮০২, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
৭। পুলিশ সুপার, মাগুরা।
৮। নির্বাহী প্রকৌশলী, গনপূর্ত বিভাগ/পানি উন্নয়ন বোর্ড, মাগুরা
৯। উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর/মহম্মদপুর/শ্রীপুর/শালিখা, মাগুরা বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য।
১০। সহকারী কমিশনার (ভূমি), মাগুরা সদর/মহম্মদপুর/শ্রীপুর/শালিখা মাগুরা জন্য অনুরোধ করা হলো।
১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা। বিজ্ঞপ্তিটি মাগুরা জেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১২। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, জেলা অফিস, যশোর।
১৩। জেলা তথ্য অফিসার, মাগুরা। তাঁকে মাইকযোগে জেলার সর্বত্র বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৪। চেয়ারম্যান, .......................... ইউনিয়ন পরিষদ, মাগুরা সদর/ মহম্মদপুর/ শালিখা/ শ্রীপুর, মাগুরা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১৫। জেলা কর্মকর্তা . . . . . . . . . . . . . . . . . . . . . . .সংবাদপত্র, তাঁকে বিজ্ঞপ্তিটি এক দিনের সংবাদপত্রে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .......................... ইউনিয়ন ভূমি অফিস, মাগুরা সদর/ মহম্মদপুর/ শালিখা/ শ্রীপুর,মাগুরা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য ও অফিসের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে জারির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬। জনাব.............................................................................................................................
(এ কার্যালয়ের তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান)।

১৫.০২.২০২৪

হা-মীম তাবাসসুম প্রভা
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য-সচিব
জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটি
মাগুরা
ফোন : ০২৭৭৭-১০২৭৭